

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

শাখা-সঞ্চয়

www.ird.gov.bd

বিষয়: বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (ইউ.এস ডলার প্রিমিয়াম বন্ড, ইউ.এস ডলার ইনভেষ্টমেন্ট বন্ড এবং ওয়েজ আর্নার ডেভলপমেন্ট বন্ড) নির্বাচন নীতিমালা, ২০১৮ প্রণয়ন বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি: জনাব মো: মোশাররফ হোসেন ভুঁইয়া এনডিসি, সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।

তারিখ: ২০/০২/২০১৮ খ্রি।

সময়: বেলা ০৩:০০ ঘটিকা।

স্থান: অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সভা কক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা নিম্নরূপ (জ্যোষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। জনাব মো: আবুল কাশেম, অতিরিক্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মিজ্জ সামছুমাহার বেগম, মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
- ৩। জনাব মো: আবদুল কুদ্দুস খান, অতিরিক্ত সচিব, মৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। জনাব মো: হমায়ুন কবীর, যুগ্মসচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। মিজ্জ শাহিনা ফেরদৌসী, উপসচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, নিউ ইক্সাটন, ঢাকা।
- ৬। ডাঃ মো: হামিদুল হক, উপসচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। জনাব মো: রাশেদুজ্জামান, পরিচালক, পরবাসী মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। জনাব বি. এম. ছবুর উদ্দিন, ডি.জি.এম, ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ৯। জনাব মো: জাহাঙ্গীর আলম, সিনিয়র সহকারী সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বাস্থ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। মিজ্জ ছামছুন নাহার, সহকারী সচিব, শিল্প মন্ত্রণালয়, ঢাকা।

সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে তিনি বলেন যে, শিল্প মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং অভ্যন্তরীণ সম্পদ বিভাগ সরকারের এই ৪ (চার) টি মন্ত্রণালয়/বিভাগ সিআইপি নির্বাচন করে থাকে। অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ব্যতীত সরকারের অন্য ৩ (তিনি) টি মন্ত্রণালয়ের সিআইপি নির্বাচন নীতিমালা রয়েছে। অভ্যন্তরীণ সম্পদ বিভাগও সিআইপি নির্বাচন সংক্রান্ত একটি খসড়া নীতিমালা প্রণয়ন করেছে। এ পর্যায়ে তিনি যুগ্মসচিব (সঞ্চয়), অভ্যন্তরীণ সম্পদ বিভাগকে খসড়া সিআইপি নীতিমালা, ২০১৮ সভায় উপস্থাপনের অনুরোধ করেন।

০২। যুগ্মসচিব (সঞ্চয়), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ সভাকে অবহিত করেন যে, অনাবাসী বাংলাদেশীদের উপার্জিত অর্থ দেশে বিনিয়োগে আকৃষ্ট করার লক্ষ্যে সরকার ওয়েজ আর্নার ডেভলপমেন্ট বন্ড, ইউএস ডলার প্রিমিয়াম বন্ড ও ইউএস ডলার ইনভেষ্টমেন্ট বন্ড প্রবর্তন করে। উক্ত ৩টি বন্ডে বিধি অনুযায়ী বিনিয়োগকারীদের সিআইপি হিসেবে নির্বাচনের বিধান রয়েছে। ২০১৭ সালে এ বিভাগ হতে মোট ১১ (এগার) জনকে এক পঞ্জিকা বৎসরের জন্য সিআইপি হিসেবে নির্বাচন করা হয়েছে সরকারের অন্য ৩টি মন্ত্রণালয়ের সিআইপি নির্বাচন ও তাদের প্রদেয় সুযোগ সুবিধা সংক্রান্ত নীতিমালা রয়েছে। অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক অনুরূপ একটি নীতিমালা প্রণয়নের আবশ্যিকতা বিবেচনায় এ বিভাগ কর্তৃক সিআইপি নীতিমালা, ২০১৮ প্রণয়ন করা হয়েছে। প্রণীত নীতিমালার বিষয়ে অতিরিক্ত সচিব এর সভাপতিত্বে গত ১৬/০১/২০১৮ তারিখ একটি আন্ত: মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সুপারিশের আলোকে প্রণীত খসড়া সিআইপি নীতিমালা কিছু সংযোজন ও বিয়োজন করা হয়েছে। তাছাড়া গত ৩০/০১/২০১৮ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত 'সিআইপি নির্বাচন কমিটি'র সভায় উল্লিখিত ৩টি বন্ডে বিনিয়োগকারীদের সিআইপি হিসেবে নির্বাচনের জন্য নীতিমালা প্রণয়নের জন্য এ বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়েছে। এ পর্যায়ে তিনি সিনিয়র সচিব মহোদয়ের সম্মতিত্বে খসড়া সিআইপি নীতিমালা উপস্থাপনের পাশাপাশি সভায় উপস্থিত সদস্যগণের মতামতও আহবান করেন।

০৩। সিআইপি নির্বাচন নীতিমালার শিরোনাম বিষয়ে বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি বলেন যে, "বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ড, ইউ.এস. ডলার ইনভেস্টমেন্ট বন্ড ও ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড) নির্বাচন নীতিমালা-২০১৮" এ বঙ্গের নামগুলো ব্রাকেটের মধ্যে উল্লেখ না করে ব্রাকেট উঠিয়ে দেয়া যেতে পারে, সিআইপি নির্বাচনের অযোগ্যতা হিসেবে খণ্ড খেলাদী ও কর খেলাদীর পাশাপাশি এন্ট্রি মানি লন্ডারিং এর বিষয়টি অন্তর্ভুক্তের পরামর্শ দেন। একই সাথে তিনি বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি বাংলাদেশ ব্যাংকে পরিচালক এর কোন পদ না থাকায় সিআইপি নির্বাচন কমিটিতে বাংলাদেশ ব্যাংকের পরিচালক এর পরিবর্তে যুগ্ম-পরিচালক, ডেট ম্যানেজমেন্টকে অন্তর্ভুক্ত করার অনুরোধ জানান। এ প্রেক্ষিতে সিনিয়র সচিব মহোদয় বলেন সিআইপি নীতিমালার শিরোনাম ইহা "ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড, ইউ.এস ডলার ইনভেস্টমেন্ট বন্ড ও ইউ.এস ডলার প্রিমিয়াম বন্ডে বিনিয়োগকারী এনআরবি-গণের সিআইপি হিসেবে নির্বাচন সংক্রান্ত নীতিমালা, ২০১৮" হিসেবে অভিহিত হবে মর্মে উল্লেখ করার পরামর্শ দেন।

০৪। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিনিধি বলেন যে, 'বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি' এর চেয়ে সিআইপি শব্দটি এ ক্ষেত্রে অধিক পরিচিত। কাজেই নীতিমালার শিরোনামে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি এর পরিবর্তে সিআইপি শব্দটি সংযোজন করা যেতে পারে। এ ছাড়া তিনি প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক শিল্প খাতে বিনিয়োগকারী হিসেবে নির্বাচিত সিআইপিতে ৩ (তিনি) লক্ষ মার্কিন ডলার সমপরিমান বা তদুর্ধি পরিমান বিনিয়োগ করতে হয়, বৈদেশিক মুদ্রা প্রেরণকারী হিসেবে নির্বাচিত সিআইপিকে নুন্যতম ২ (দুই) লক্ষ মার্কিন ডলার সমপরিমান বৈদেশিক মুদ্রা ব্যাংকসহ অন্যান্য বৈধ চ্যানেলের মাধ্যমে বাংলাদেশে প্রেরণ করতে হয়, আমদানিকারক হিসেবে নির্বাচিত সিআইপিকে বছরে নুন্যতম ৩ (তিনি) লক্ষ মার্কিন ডলার সমপরিমান বৈদেশিক মুদ্রার Free of Broad (FoB) বাংলাদেশী পন্য আমদানি করতে হয়। পক্ষান্তরে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক নির্বাচিত সিআইপিগণের বিনিয়োগের পরিমাণ ১০ (দশ) মিলিয়ন মার্কিন ডলার। সিআইপি হিসেবে নির্বাচনের বিনিয়োগের এ সীমাটি আরও কমিয়ে প্রবাসী বাংলাদেশীদের বক্তে বিনিয়োগে আকৃষ্ট করা যেতে পারে মর্মে তিনি মতামত দেন। এ প্রেক্ষিতে পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান যে, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ও অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সিআইপিগণের মধ্যে কিছু পার্থক্য রয়েছে। বঙ্গে বিনিয়োগকারীগণ তাদের বিনিয়োগের বিপরীতে লভ্যাংশ পেয়ে থাকেন। এখানে বিনিয়োগকারীগণ তাদের সুবিধার জন্যই বিনিয়োগ করে থাকেন। কাজেই ১০ (দশ) মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগকারীদের সিআইপি হিসেবে নির্বাচনের বিষয়টি সঠিক আছে মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন।

০৫। নৌ-পরিবহন মন্ত্রণালয়ের প্রতিনিধি বলেন সিআইপি হিসেবে নির্বাচনের অযোগ্যতা "আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত অথবা অন্য কোন কারণে অবাস্থিত বিবেচিত ব্যক্তি সিআইপি হওয়ার যোগ্য হইবেন না। তবে সাজা ভোগ করার ৫ (পাঁচ) বছর অতিবাহিত হওয়ার পর সাজাপ্রাপ্ত ব্যক্তি সিআইপি নির্বাচনের যোগ্য বলিয়া বিবেচিত হইবেন" অংশে অবাস্থিত শব্দটি সংজ্ঞায়িত হওয়া প্রয়োজন। তাছাড়া আদালত কর্তৃক কত দিন সাজা প্রাপ্ত হলে তিনি সিআইপি হিসেবে নির্বাচিত হতে পারবেন না স্টেটাও উল্লেখ থাকা দরকার। এ প্রসংগে যুগ্মসচিব (সঞ্চয়) বলেন যে, কোন ব্যক্তি আদালত কর্তৃক একদিনের জন্য সাজাপ্রাপ্ত হলেও তিনি পরবর্তী ৫ (পাঁচ) বছরের মধ্যে সিআইপি হিসেবে নির্বাচনের জন্য আবেদন করতে পারবেন না। এ পর্যায়ে সিনিয়র সচিব মহোদয় বলেন যে, অবাস্থিত শব্দটি নীতিমালা থেকে বাদ দেয়া এবং এ সংক্রান্ত উল্লিখিত বিষয়ের পরিবর্তে "কোন ফৌজদারী অপরাধের জন্য কোন ট্রাইব্যুনাল বা আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত হন এবং সাজা ভোগ করার পর অন্তুন ৫ (পাঁচ) বছর অতিবাহিত না হয়" বিষয়টি অন্তর্ভুক্তির জন্য পরামর্শ প্রদান করেন।

০৬। সিআইপি আবেদনপত্রে আবেদনকারীর TIN নম্বর এর পরিবর্তে NID নম্বর অন্তর্ভুক্ত করার জন্য মহাপরিচালক, জাতীয় সংস্থ অধিদপ্তর মতামত প্রকাশ করেন। এ প্রসংগে যুগ্মসচিব (সঞ্চয়) বলেন সিআইপি আবেদন ফরমে NID এবং TIN নম্বর উল্লেখ করার বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে। আবেদনপত্রে TIN নম্বর উল্লেখ থাকলে আবেদনকারী কর খেলাদী কি না সে বিষয়টি যাচাই করা সম্ভব হবে। এ বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের প্রতিনিধি জানান যে, TIN নম্বর রাখার প্রয়োজন আছে তবে TIN নম্বরের পরে ব্রাকেটে "প্রযোজ্য ক্ষেত্রে" শব্দটি সংযোজন করা যেতে পারে এবং অযোগ্যতা অংশের ৫ (পাঁচ) বছর অতিবাহিত ন্তুন আবেদনকারী ও সিআইপি কার্ড নথায়নের জন্য আবেদনকারীগণ ক্যালেন্ডারে উল্লিখিত সময়সীমার মধ্যে নির্ধারিত ফরম অনুযায়ী সংশ্লিষ্ট কাগজপত্রসহ আবেদনপত্র দাখিল করবেন' মর্মে যুক্ত করার পরামর্শ দেন।

০৭। সিআইপি নির্বাচন প্রক্রিয়ায় বাছাই কমিটির বিষয়ে শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান যে, তাদের মন্ত্রণালয়ের সিআইপি নির্বাচন কমিটির পরিধি অনেক বড় হওয়ায় বিভিন্ন কারণে বাছাই প্রক্রিয়া নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করা সম্ভব হয় না। তাই অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সিআইপি নির্বাচন কমিটির পরিধি ছোট করলে ভাল হবে। তাছাড়া সিআইপি নির্বাচন নীতিমালায় প্রাথমিক বাছাই কমিটি ও চূড়ান্ত বাছাই কমিটি উভয়টির সভাপতি যুগ্মসচিব না করে চূড়ান্ত বাছাই কমিটির সভাপতি অতিরিক্ত সচিব করা যেতে পারে। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিনিধিদের সিআইপি নির্বাচন কমিটিতে অন্তর্ভুক্ত করলে বাছাই প্রক্রিয়া সহজ হবে। তিনি এক মন্ত্রণালয়/বিভাগে নির্বাচিত CIP একই সময়কালে যাতে অন্য মন্ত্রণালয়/বিভাগের CIP হিসেবে নির্বাচিত হতে না পারে সে বিষয়টি নিশ্চিত করার পরামর্শ দেন। সিনিয়র সচিব মহোদয় বলেন যে, সরকারের যে সকল মন্ত্রণালয় সিআইপি

নির্বাচন করে তাদের প্রতিনিধিদের এ বিভাগের সিআইপি নির্বাচন চূড়ান্ত বাছাই কমিটিতে রাখা, অন্য কোন মন্ত্রণালয় হতে নির্বাচিত সিআইপি-গণ আবেদন করতে না পারার বিষয়টি সংযোজন করা এবং চূড়ান্ত বাছাই কমিটির সভাপতি 'অতিরিক্ত সচিব/ যুগ্মসচিব' এভাবে করা যেতে পারে মর্মে মতামত দেন। এ ছাড়া শিল্প মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিনিধি সিআইপি কার্ডের মেয়াদকাল উত্তীর্ণ হওয়ার পর সিআইপি কার্ড জমা প্রদানের বিষয়টি নীতিমালায় অন্তর্ভুক্ত করার পরামর্শ প্রদান করেন।

#### ০৮। সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

##### সিদ্ধান্ত সমূহঃ

(ক) এই নীতিমালা "ওয়েজ আর্নার ডেভলপমেন্ট বন্ড, ইউ.এস ডলার ইনভেস্টমেন্ট বন্ড ও ইউ.এস ডলার প্রিমিয়াম বন্ডে বিনিয়োগকারী এনআরবি-গণের সিআইপি হিসেবে নির্বাচন সংক্রান্ত নীতিমালা, ২০১৮" হিসেবে অভিহিত হবে।

(খ) সিআইপি নির্বাচনের অযোগ্যতা হিসেবে খসড়ায় বর্ণিত ৩(খ)(১) বিষয়ের পাশাপাশি এন্ট্রি মানি লঙ্ঘারিং এর বিষয়টি অন্তর্ভুক্ত হবে।

(গ) খসড়া নীতিমালার ৩ (খ)(২) নিম্নোক্তভাবে সংশোধিত হবে:

কোন সিআইপি কোন ফৌজদারী অপরাধের জন্য কোন ট্রাইবুনাল বা আদালত কর্তৃক সাজাপ্রাপ্ত হইলে এবং সাজা ভোগ করিবার পর অন্যুন ৫ (পাঁচ) বছর অতিবাহিত না হইলে সিআইপি নির্বাচনের যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

(ঘ) ৩ (খ)(৪) নিম্নোক্তভাবে সংশোধিত হবে:

সিআইপি আবেদনপত্রে আবেদনকারীকে তার TIN নম্বর, সংশ্লিষ্ট কর বৎসরের আয়কর রিটার্নের প্রত্যয়নপত্র (প্রযোজ্য ক্ষেত্রে), NID নম্বর, তাহার পিতা ও মাতার পুণ নাম উল্লেখ করিতে হইবে এবং ইহাতে কোন অবস্থাতেই সংক্ষিপ্ত নাম ব্যবহার করা যাইবে না। কোন প্রকার সংক্ষিপ্ত নাম ব্যবহার করিলে (যেমন- আবুল বাশার মো: জাহাঙ্গীর এর পরিবর্তে এ.বি.এম জাহাঙ্গীর লিখিলে) তাহার আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে;

(ঙ) ৩ (খ)(৫) নিম্নোক্তভাবে সংশোধিত হবে:

নতুন আবেদনকারী ও সিআইপি কার্ড নবায়নের জন্য আবেদনকারীগণ সিআইপি নির্বাচনের জন্য ক্যালেন্ডারে উল্লিখিত সময়ের মধ্যে নির্ধারিত ফরম অনুযায়ী সংশ্লিষ্ট কাগজপত্রসহ আবেদনপত্র দাখিল করিবেন;

(চ) সিআইপি নির্বাচনের চূড়ান্ত বাছাই কমিটি নিম্নোক্তভাবে সংশোধিত হবে:

- |   |        |
|---|--------|
| (১) অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব (সঞ্চয়), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ-                | সভাপতি |
| (২) বাংলাদেশ ব্যাংকের যুগ্ম-পরিচালক পদমর্যাদার একজন প্রতিনিধি-                | সদস্য  |
| (৩) পরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর-  | সদস্য  |
| (৪) প্রথম সচিব (কর), জাতীয় রাজস্ব বোর্ড-                                     | সদস্য  |
| (৫) পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি-                                   | সদস্য  |
| (৬) জননিরাপত্তা বিভাগের একজন প্রতিনিধি  | সদস্য  |
| (৭) বাণিজ্য মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি                                      | সদস্য  |
| (৮) শিল্প মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি-                                       | সদস্য  |
| (৯) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের<br>একজন প্রতিনিধি      | সদস্য  |
| (১০) উপ-সচিব/সিনিয়র সহকারী সচিব (সঞ্চয়), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ- সদস্য সচিব |        |

উপসচিব  
পদমর্যাদার  
নিচে নয়

(চ) সিআইপি নির্বাচন সংক্রান্ত অন্যান্য তথ্যাবলীর ৫(৩) নিম্নোক্তভাবে সংশোধিত হবে:

এই নীতিমালার আওতায় কোন বিনিয়োগকারী সিআইপি নির্বাচিত হওয়ার পর তাঁহার ক্রয়কৃত বণ্ডের অংশ বিশেষ বা সমৃদ্ধয় বন্ড নগদায়নের কারণে বিনিয়োগের সীমা ১ (এক) মিলিয়ন মার্কিন ডলারের নীচে নামিয়া গেলে নামিয়া যাওয়ার তারিখ হইতে ৩ (তিনি) মাস পর তাঁহার সিআইপি সুবিধা বাতিল বলিয়া গণ্য হইবে;

(ছ) সিআইপি নির্বাচন সংক্রান্ত অন্যান্য তথ্যাবলীতে নিম্নোক্তভাবে ৫৬ ও ৬৬ অনুচ্ছেদ সরিবেশিত হবে:

(৫) সিআইপি কার্ডের মেয়াদকাল উত্তীর্ণ হইবার পর ১৫ (পনের) দিনের মধ্যে সিআইপি কার্ড অভ্যন্তরীণ সম্পদ বিভাগে জমা প্রদান করিতে হইবে।

(৬) অন্য মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক নির্বাচিত সিআইপি একই সময়ে এই বিভাগের সিআইপি হিসেবে নির্বাচিত হইতে পারিবেন না।

(জ) চূড়ান্ত নীতিমালা মাননীয় অর্থমন্ত্রীর সদয় অনুমোদনের জন্য উপস্থাপনে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৯। আর কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

স্পাক্ষরিত/-

(মো: মোশাররফ হোসেন ভূইয়া)  
সিনিয়র সচিব

নং-০৮.০০.০০০০.০৮১.১১.০০৭.১৭. ৭৩/৮০৩

তারিখ: ১৬ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ  
২৮ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

সদয় জাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যোত্তার ভিত্তিতে নয়):

- ১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
- ২। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা।
- ৪। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। সচিব, বেসামরিক বিমান ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, নিউ ইঞ্জাটন, ঢাকা।
- ৯। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। অতিরিক্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
- ১২। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
- ১৩। সদস্য (কর নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ১৪। যুগ্মসচিব (সঞ্চয়), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
- ১৫। উপসচিব (সঞ্চয়), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।

১৫/৮০৩  
২৮/০২/১৮

(মো: আব্দুল জ্বার)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৪০২১৬